বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

**স্মারক নম্বর:** ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৬.২৩.২০৭৪

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কক্সবাজার জেলা মহেশখালী উপজেলাধীন তাজিয়াকাটা সুমাইয়া (রা:) বালিকা দাখিল মাদ্রাসার অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হত্যা মামলার ভয় দেখিয়ে জোরপূর্বক দাতাসদস্য ও প্রতিষ্ঠাতা সদস্য সৃজন করিয়ে বাধ্য করেছেন মর্মে জনৈক মো; ছরোয়ার কামাল (সুপার ভারপ্রাপ্ত) একটি অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২৮-০২-২০২৪
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার (02-58616681 )
chairman@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার।

**স্মারক নম্বর:** ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৬.২৩.২০৭৪/১(৫)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, কক্সবাজার;
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশখালী, কক্সবাজার;
৩। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৪। জনাব মো: ছরোয়ার কামাল (অভিযোগকারী), ভারপ্রাপ্ত সুপার , তাজিয়াকাটা সুমাইয়া (রা:) বালিকা দাখিল মাদ্রাসা, মহেশখালী, কক্সবাজার এবং
৫। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২৮-০২-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) অভিযোগ-01

بسم الله الرحمن الرحيم

# তাজিয়াকাটা সুমাইয়া (রাঃ) বালিকা দাখিল মাদ্রাসা

مدرسة سمية (رض) للبنات تاجية كاتا

## TAZIAKATA SOMAIYA (R:) GIRLS DAKHIL MADRASAH

গ্রাম: তাজিয়াকাটা, ডাক: কুতুবজোম, উপজেলা: মহেশখালী, জেলা: কক্সবাজার
স্থাপিত ঃ ২০০৫ ইংরেজী
EIIN No: 131561
Mad. Code No: 20744
web: 131561.ebmeb.gov.bd

Ref : তা,সুমা-০০৫৭. Date : 20 02 28

বরাবর

রেজিস্ট্রার মহোদয়
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
বখশিবাজার, ঢাকা-১২১১।

বিষয়ঃ মাদ্রাসা সুপার(ভারপ্রাপ্ত) কে হত্যা মামলার (জিআর-২২/২৩৮) ভয় দেখিয়ে জোরপূর্বক প্রতিষ্ঠাতা সদস্যা ও দাতা সদস্য ভূয়া সৃজন করিয়ে ম্যানেজিং কমিটি গঠণে বাধ্য করণ এবং নব-গঠিত ম্যানেজিং কমিটি বাতিল অথবা তদন্ত চলাকালীন সময়ে ম্যানেজিং কমিটির কার্যক্রম স্থগিত রাখা প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি তাজিয়াকাটা সুমাইয়া (রাঃ) বালিকা দাখিল মাদ্রাসার সুপার(ভারপ্রাপ্ত) হই। সদ্য নবগঠিত কমিটির সভাপতি জনাব তৌহিদুর রহমানের পিতা- মাওলানা জিয়াউর রহমান বিগত ২৫.০৮.২০২২খ্রি. তারিখে মাদ্রাসা প্রাঙ্গনে কতিপয় দুর্বৃত্তের হাতে হত্যা কান্ডের স্বীকার হন। সেই সুযোগে জনাব তৌহিদুর রহমান আমাকে ও শিক্ষকদের বিভিন্নভাবে হুমকি-ধমকি অদ্যাবধি দিয়ে আসছেন এবং বিভিন্ন উপায়ে বর্ণিত মাদ্রাসা পরিচালনায় বে-আইনীভাবে প্রভাব বিস্তার করিতে থাকেন। বর্ণিত তৌহিদুর নিজ মাতা রহিমা আক্তারকে প্রতিষ্ঠাতা সদস্য ও সেই নিজে আজীবন দাতা সদস্য, তাহার নানা মুহাম্মদ আব্দুল গফুর কে প্রতিষ্ঠাতা সদস্য ও আজীবন দাতা সদস্য করে এবং মোহাম্মদ জালাল, মোহাম্মদ শাহ আলম, শামশুল ইসলাম বাদশা, আনছারুল করিম, মাওলানা জালাল উদ্দিন, হারুনর রশিদ, আলহাজ্ব শরীফ বাদশা, আবু তালেব, মোহাম্মদ সরওয়ার কামাল উপারোক্ত সভাইকে দাতা সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করেন। কিন্তু তারা সবাই বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতির আত্নীয়-স্বজন। উল্লেখ্য যে, ২০০৯ সালে বাংলাদেশ গেজেট মোতাবেক ২নং (চ) ধারা অনুযায়ী নতুন করে কোন ব্যক্তি প্রতিষ্ঠাতা সদস্য হতে পারে না। তা সত্তেও আমাকে হত্যা মামলার ভয় দেখিয়ে প্রতিষ্ঠাতা তৈরী করে। এখনও পর্যন্ত দাতা,প্রতিষ্ঠাতার রেজুলেশন করা হয়নি এবং অনুদানের রশিদও কাটা হয়নি। একজন প্রতিষ্ঠাতা সদস্যের জন্য ১০(লক্ষ) টাকা এবং আজীবন সদস্যের জন্য ২(লক্ষ) টাকা সাধারণ সদস্যের জন্য ৪০(হাজার) টাকা সর্বমোট ৩০,৮০,০০০/- (ত্রিশ লক্ষ আশি হাজার) টাকা মাদ্রাসার অনুকোলে পরিশোধ করিতে হয়। উপরোক্ত টাকার জন্য সভাপতি কে বারবার অনুদানের টাকা মাদ্রাসা একাউন্টে জমা দেওয়ার জন্য বল্লে আমাকে (সুপার ভারপ্রাপ্ত) কে জানে মেরে ফেলবে বলে হুমকি দেয় এবং পিতার হত্যা মামলার আসামি করবে বলে হুমকি দেয়। (কপি সংযুক্ত) এমতাবস্থায় আমি খুব সংকিত অবস্থায় রয়েছি। উল্লেখ্য যে, নবগঠিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে স্থানীয় একজন অভিভাবক সদস্য আব্দুল মালেক কক্সবাজার জেলা জজ আদালতে একটি মামলা দায়ের করেন। যার মামলা নং-অপর-৩৩৭/২৩ চলমান। বিশেষ দ্রষ্টব্য যে, ম্যানেজিং কমিটি গঠনের নীতিমালা উল্লেখ আছে যে, ২ধারায় কোন শিক্ষক কিংবা শিক্ষক শ্রেণির সদস্য ম্যানেজিং কমিটি সভাপতি পদে মনোনীত হইবেন না। কিন্তু তিনি একজন তাজিয়াকাটা মোহাম্মদিয়া স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার জুনিয়র সহকারি শিক্ষক(কপি সংযুক্ত)। সেই শিক্ষক কথাটি আমাকে গোপন হত্যা মামলার ভয় দেখিয়ে বাধ্য করে।

উল্লেখ্য যে, মাননীয় সহকারী জজ আদালত মোকামে গিয়ে ২১.০১.২০২৪খ্রি. তারিখে অভিভাবক সদস্যের মামলার হাজিরার সময় কামিটি বাতিল করার জন্য মাননীয় জজ মহোদয়কে লিখিত আর্জি প্রদান করি। (কপি সংযুক্ত) এবং ইতি মধ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ঢাকা ও বাংলাদেশ মাদ্রাসা অধিদপ্তরে লিখিত ভাবে অবহিত করেছি। (কপি সংযুক্ত)

অতএব মহোদয়ের নিকট আকুল আবেদন যে, উপরোক্ত বিষয়গুলো বিবেচনা করে নবগঠিত ম্যানেজিং কমিটি বাতিল অথবা তদন্ত চলাকালীন সময়ে ম্যানেজিং কমিটির কার্যক্রম স্থগিত রাখার জন্য বিহিত মর্জি হয়।

(মোঃ সরওয়ার কামাল)
সুপার(ভারপ্রাপ্ত)
তাজিয়াকাটা সুমাইয়া (রাঃ) বালিকা দাখিল মাদ্রাসা
মহেশখালী, কক্সবাজার।
০১৮৭১২৭৪৫৫৮

মোঃ সরওয়ার কামাল
সুপার (ভারপ্রাপ্ত)
তাজিয়াকাটা সুমাইয়া (রাঃ) বালিকা দাখিল মাদ্রাসা
কুতুবজোম, মহেশখালী, কক্সবাজার।